গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা

**“কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রূণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)” এর বিভাগীয় মূল্যায়ন কমিটি (ডিপিইসি)’র ২য় সভার কার্যবিবরণীঃ-**

---

| | |
|---|---|
| সভাপতি | মোহাং সেলিম উদ্দিন<br>সচিব |
| সভার তারিখ | ২৩ এপ্রিল ২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা- ১১.৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’। |

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা) কে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপনার জন্য আহবান করেন। অতিরিক্ত সচিব বলেন যে, প্রকল্পটি ০১/০১/২০১৬ খ্রি. তারিখ হতে ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ মেয়াদে ৪৩৩০৩.৮৫ লক্ষ টাকা জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন রয়েছে। অত্র প্রকল্পে চলতি ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপিতে ৮৪৯০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং মার্চ ২০২৪ খ্রি. পর্যন্ত প্রাপ্ত বরাদ্দ ৫৫১৭.০০ লক্ষ টাকার মধ্যে ৪৫৩৯.৯৯২ লক্ষ টাকা ব্যয় হয়েছে (অগ্রগতি ৮২,২৯%)। প্রকল্পের শুরু হতে মার্চ ২০২৪ খ্রি. পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩৮৫১৯.১৪ লক্ষ টাকা (অগ্রগতি ৮৮.৯৫%)। এ পর্যায়ে সভাপতি বিগত ১৮/১২/২০২৩ খ্রি. তারিখে ১ম ডিপিইসি সভার সিদ্ধান্ত কতটুকু বাস্তবায়ন হয়েছে তার বিস্তারিত প্রকল্প পরিচালকের নিকট জানতে চান।

প্রকল্প পরিচালক সভাকে অবগত করেন যে বিগত ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক পুর্ত কাজ ও সরবরাহ কাজের টেন্ডার সম্পন্ন করা হয়েছে। পুর্ত কাজগুলি এপিপি অনুসারে কার্যাদেশ দেয়া হয়েছে। সরবরাহ কাজের মধ্যে ০৩টি ফার্ণিচার ক্রয় প্যাকেজ সহ অন্যান্য প্যাকেজ এপিপি মূল্যের মধ্যেই কার্যাদেশ প্রদান করা হয়েছে। কিন্তু ০২টি সরবারহ প্যাকেজ (ক) Raw materials for TMR সর্বনিম্ন দরদাতা এপিপি মূল্য থেকে ৪৮.০০ লক্ষ টাকা (খ) Hand Gloves ২৩.১৬ লক্ষ টাকা এবং (গ) গাবদিপশু চিহ্নিতকরণ ও রেকর্ডি উপকরণ ক্রয় ২৮.৫০ লক্ষ টাকা মূল্যায়িত দর বেশি হয়েছে যা ডিপিইসি সভার অনুমোদন প্রয়োজন। এছাড়া ইউনিয়ন এআই শেড ২য় সংশোধিত ডিপিপিতে গাণিতিক ভুল থাকায় ৬৩.০৫ লক্ষ টাকা সমন্বয় করা প্রয়োজনয়। সভাপতি মহোদয় ইউনিয়ন এই শেড বিষয়টি যুগ্ম সচিব, পরিকল্পনা উইং কে যাচাই পূর্বক সিদ্ধান্ত দিতে অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি যে সব আন্ত:অঙ্গ সমন্বয় গৃহিত হয় তা নিম্নরূপ-

**(লক্ষ টাকায়)**

| ক্রমিক নং | অঙ্গের বিবরণ | ২য় সংশোধনের প্রাক্কলিত ব্যয় | আন্তঃঅঙ্গ প্রাক্কলিত ব্যয় | হ্রাস/বৃদ্ধি (লক্ষ টাকা) | ডিপিইসি সভার সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১ | এআই টেকনিশিয়ান ভাতা | ৩৫২২.২৬ | ৩৮৬২.৪২ | + ৩৪০.১৬ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ২ | উদ্যোক্তাদের টিএমআর প্রদর্শন | ২০.১৬ | ২৩.৭৬ | + ৩.৬০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৩ | রিফ্রেশাস প্রশিক্ষণ (সংযুক্তি-০৬) | ১০০.০০ | ১০৫.৪৬ | + ৫.৪৬ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৪ | সেমিনার/ওয়ার্কশপ | ১৫.০০ | ২০.০০ | + ৫.০০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৫ | এআই ল্যাবের জন্য কেমিক্যাল ও রিয়েজেন্ট | ৩০.০০ | ৩৫.০০ | + ৫.০০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৬ | ওষুধ ও টীকা ক্রয় | ৩০.০০ | ৩৫.০০ | + ৫.০০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৭ | পিউর হলস্টেইন ফ্রিজিয়ান জাতের ষাঁড় ক্রয় | ৫০০.০০ | ৪৯০.০০ | - ১০.০০ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | দেশী গাভী/বকনা ক্রয় | ২৪৪.০২ | ২৪৪.০০ | - ০.০২ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৯ | প্রকল্প চলাকালীন টিএমআর পরিচালনা ব্যয় (খাদ্য উপকরণ/ যন্ত্রাংশ/বয়লার ওয়েল/ গবাদিপশুর খাদ্য/কাঁচামাল ক্রয় বাবদ) | ২০০.০০ | ২৪৮.৭০ | + ৪৮.৭০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১০ | অন্যান্য মনিহারি | ৯.৯২ | ১৭.৪১ | + ৭.৪৯ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১১ | যন্ত্রপাতি মেরামত | ১০.০০ | ১১.৫০ | + ১.৫০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১২ | প্রচার ও বিজ্ঞাপন | ১০.০০ | ১৫.০০ | + ৫.০০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৩ | গাবদিপশু চিহ্নিতকরণ ও রেকর্ডি উপকরণ ক্রয় | ২০০.০০ | ২৩০.০০ | + ৩০.০০ | আলোচনান্তে ব্যয় বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৪ | ডেক্সটপ কম্পিউটার প্রিন্টারসহ ও ল্যাপটপ ক্রয় | ২৯.০০ | ২৮.৭৭ | - ০.২৩ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৫ | বুল স্টেশন কাম এআই ল্যাব নির্মাণ (চট্রগ্রাম ও ফরিদপুর; | ২০৩৪.০৭ | ১৯৫০.০০ | - ৮৪.০৭ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৬ | বুল কাফ রিয়ারিং ইউনিট কাম মিনিল্যাব নির্মাণ (সিলেট, বগুড়া, বরিশাল, ফুলনা ও রংপুর; | ২২১১.০২ | ২১২০.০০ | - ৯১.০২ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৭ | সাভারে টোটাল মিক্সড-রেশন (টিএমআর) প্রদর্শনী প্ল্যান্ট স্থাপন | ৩৬৬৯.২২ | ৩৩৩৫.০০ | - ৩৩৪.২২ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৮ | দেশী বকনা/গাভীর শেড নিমাণ কাজ | ১০৫.০০ | ১০৪.৬০ | - ০.৪০ | আলোচনান্তে ব্যয় হ্রাসের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ১৯ | ইউনিয়ন এআই শেড নিমাণ | ৭৭৬.৭৮ | ৮৩৯.৮৩ | + ৬৩.০৫ | যুগ্ম সচিব, পরিকল্পনা উইং মহোদয় বিগত অর্থবছরের কার্যাদেশ যাচাই করেন এবং বিষয়টি সঠিক বলে মতামত দেন ফলে আলোচনান্তে মূল্য সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। |

আলোচনান্তে দেখা যায় যে, রাজস্ব খাতে ৪২৬.৯১ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে কিন্তু ১০.০২ লক্ষ টাকা হ্রাস পেয়েছে অর্থাৎ প্রকৃত বৃদ্ধি +৪১৬.৮৯ লক্ষ টাকা এবং মূলধন খাতে হ্রাস পেয়েছে ৫০৯.৯৪ লক্ষ টাকা এবং বৃদ্ধি পেয়েছে ৯৩.০৫ লক্ষ টাকা। অর্থাৎ মূলধন খাতে প্রকৃত হ্রাস – ৪১৬.৮৯ লক্ষ টাকা। সুতরাং রাজস্ব খাতে বৃদ্ধি এবং মূলধন খাতে হ্রাস সমতা বিধান করে। টিএমআর মূল্যায়িত দর ২৪৮.৭০ লক্ষ টাকা গবাদিপশু চিহ্নিত করণ ও রেকর্ডিং উপকরণ ক্রয় মূল্যায়িত দর ২২৮.৫০ লক্ষ টাকা এবং হ্যান্ড গ্লোভস এর মূল্যায়িত দর ৩৫৩.১৫ লক্ষ টাকা অনুমোদন পুর্বক সংশোধিত এপিপিতে অন্তর্ভূক্ত করার অনুমোদন প্রদান করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

মোহাং সেলিম উদ্দিন
সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.১৪.০১৬.২৭.৩২

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩১
৩০ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার
ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ

৩) সচিব, অর্থ বিভাগ

৪) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৮) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৯) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

১০) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর


১২) যুগ্মসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৩) অতিরিক্ত সচিব, পরিকল্পনা-১ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৪) প্রকল্প পরিচালক, 'কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও ভ্রুণ স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন (৩য় পর্যায়, ২য় সংশোধিত)' প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা

১৫) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



মুহাম্মদ শাহাদত খন্দকার

উপসচিব